মো. জহুরুল আনিস, এবং ইউনিস্যাবের সাবেক নেতৃবৃন্দসহ বিভিন্ন অংশীদার সংগঠনের প্রতিনিধিরা।এছাড়াও উপস্থিত ছিলেন বিভিন্ন সহ-প্রতিষ্ঠানের প্রতিনিধি, যেমন গ্রো-আপ-এর পক্ষ থেকে আতিক তন্ময় ও রুকসানা পারভিন, চন্দ্রকলি ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শেখাওয়াত উল্লাহ, সানলাইট ফুড অ্যান্ড কেমিক্যাল ইন্ডাস্ট্রির উপদেষ্টা পলাশ কুমার মজুমদার এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় বাঁধন ইউনিটের সভাপতি আব্দুল্লাহ আল নাহিদ ও সম্পাদক একরামুল হক নিলয়।

রাজশাহী ইউনাইটেড

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:08

URL: https://www.timestodaybd.com/across-the-country/2993775807